

পাকিস্তান কর্তৃপক্ষ দ্বারা মুক্তিপ্রাপ্ত ভিডিও প্রসঙ্গে প্রেস বিবৃতি

পাকিস্তান কর্তৃপক্ষ দ্বারা মুক্তিপ্রাপ্ত ইরানে ব্যবসার কাজে যুক্ত ভারতের এক প্রাক্তন নৌসেনা কর্তার একটি ভিডিও আমরা দেখেছি, যিনি পাকিস্তানের জেলে অবর্ণনীয় পরিস্থিতির মধ্যে রয়েছেন। ভিডিওটি ব্যক্তিগতভাবে তৈরি এর সঙ্গে বাস্তবের কোনও ভিত্তি নেই। ভিডিওটি শুধুমাত্র ব্যক্তিগত তাই নয়, নিজের স্বাধীন ইচ্ছাকে না মেনে শিথিয়ে নেওয়া বক্তব্যেরই স্পষ্টভাবে ইঙ্গিত করছে। এ প্রসঙ্গে উল্লেখ্য, আমাদের অনুরোধ সত্ত্বেও, আন্তর্জাতিক নীতি অনুসারে বিদেশে আটক এক ভারতীয় নাগরিকের বিষয়ে আমাদের কনসুলার অ্যাকসেস দেওয়া হয়নি। আমরা স্বাভাবিকভাবেই উদ্বেগ এবং তাঁর পরিস্থিতির মঙ্গল কামনা করছি।

আমাদের মদতে ওই ব্যক্তি পাকিস্তানে নাশকতামূলক কাজকর্মে জড়িত ছিলেন, পাকিস্তানের এই অভিযোগ সরকার দ্ব্যর্থহীনভাষায় অস্বীকার করছে। আমাদের তদন্ত বলছে ওই ব্যক্তি ইরানে একটি সম্পূর্ণ আইনি ব্যবসা চালাচ্ছিলেন, কিন্তু সেখানে তাঁকে নানারকম হেনস্থার সম্মুখীন হতে হচ্ছিল। যেখানে আমরা তদন্তে আরও প্রমাণ পেয়েছি, তাঁর এই মুহূর্তে পাকিস্তানে থাকা সন্দেহজনক, ওঁকে ইরান থেকে অপহরণের সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। আমাদের কনসুলার অ্যাকসেস দেওয়া হলেই একমাত্র বিষয়টি স্পষ্ট হবে এবং আমরা পাকিস্তান সরকারকে আবেদন জানাচ্ছি, অবিলম্বে আমাদের অনুরোধে সাড়া দেওয়ার জন্য।

নয়াদিল্লি

মার্চ ২৯, ২০১৬